

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫৮

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, উল্লেখিত হাদীসটি সেই ব্যক্তির সাথেই নির্দিষ্ট; সবার জন্য প্রযোজ্য নয়, তার কথা অপনোদনে হাদীস

ذَكَرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أَنَّ خِطَابَ هَذَا الْخَبَرِ قَصِدَ بِهِ التَّخْصِيسُ دُونَ الْعُمُومِ

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ شَقِيقٍ عَنْ أَبِي مُوسَى قَالَ: أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ قَالَ: يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ رَجُلًا يُحِبُّ الْقَوْمَ وَلَمَّا يُلْحَقْ بِهِمْ؟ قَالَ: (المرء مع من أحب).
الراوي: أَبُو ذَرٍّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 557 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৫৮. আবু মুসা আল আশ'আরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বললেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার কী অভিমত এমন ব্যক্তির ব্যাপারে, যিনি একটি কওমকে ভালবাসেন, কিন্তু তিনি এখনও তাদের মতো আমল করতে পারেন না?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “একজন ব্যক্তি তাদের সাথেই থাকবে, যাদের সে ভালবাসে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৪০৫; মুসলিম: ২৬৪১; সহীহ আল বুখারীখ: ৬১৭০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৭৮।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাখরীজু ফিকহিস সীরাহ: ২০০।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু মূসা আল- আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89023>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন